প্রথম আলো

তারিখ 14 APR 2018
পৃষ্ঠা ৮ কলাম ৮

# প্রাণ ফিরে পেল সেই গ্রন্থাগার

প্রতিনিধি, *মানিকগঞ্জ*

১৬ বছরের বেশি সময় ধরে বন্ধ থাকা মানিকগঞ্জের হরিরামপুর উপজেলা গ্রন্থাগারটি স্থানীয় তরুণদের উদ্যোগে প্রাণ ফিরে পেল। গতকাল শুক্রবার সন্ধ্যায় এর উদ্বোধন করেন লেখক সৈয়দ আবুল মকসুদ।

উপজেলা প্রশাসন ও স্থানীয় সূত্র জানায়, ১৯৮৪ সালে উপজেলা সদরের খালপাড় বয়রা এলাকায় সাড়ে ১৪ শতাংশ জমির ওপর চারদিকে বারান্দাযুক্ত ভবনে গ্রন্থাগারটি স্থাপন করা হয়। তবে ২০০২ সাল থেকে উপজেলা প্রশাসনের অব্যবস্থাপনার কারণে গ্রন্থাগারটি বন্ধ হয়ে যায়। পরে গ্রন্থাগার ভবনে উপজেলার সুতালরি, হারুকান্দি ও আজিমনগর—এই তিন ইউনিয়নের ভূমি কার্যালয়ের কার্যক্রম শুরু করা হয়। পরে স্থানীয় তরুণ এবং সচেতন ব্যক্তিরা গ্রন্থাগারটি চালুর উদ্যোগ নেন। এ নিয়ে গত ৮ ডিসেম্বর *প্রথম আলোয়* 'স্থানীয় উদ্যোগে প্রাণ ফিরে পাচ্ছে গ্রন্থাগার' শিরোনামে সচিত্র প্রতিবেদন ছাপা হয়।

গতকাল সন্ধ্যায় গ্রন্থাগারটির উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে কথাসাহিত্যিক আহমাদ মোস্তফা কামাল, জেলা প্রশাসক নাজমুছ সাদাত, জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম মহীউদ্দিন, উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) কাজী আরেফিন রেজওয়ান, গ্রন্থাগার ব্যবস্থাপনা কমিটির সদস্যসচিব নাট্যকার হরিপদ সূত্রধর, শিক্ষক সাইফুদ্দিন আহমেদ, স্থানীয় তরুণ তৈয়বুল আজহার প্রমুখ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সৈয়দ আবুল মকসুদ বলেন, প্রাতিষ্ঠানিক শিক্ষার মান নিম্নগামী হওয়ায় অপ্রাতিষ্ঠানিক শিক্ষা জাতি গঠনে সহায়ক ভূমিকা রাখবে। এ জন্য দেশের প্রত্যন্ত এলাকাগুলোতে পাঠাগার গড়ে তুলতে হবে। এ ছাড়া দেশে যেসব পাঠাগারের কার্যক্রম বন্ধ রয়েছে, সেগুলোকে সচল করে তরুণদের বই পড়ার সুযোগ সৃষ্টি করতে হবে।